40

দৈনিক সংবাদ

তারিখ 19 FEB 1998
পৃষ্ঠা ৩ কলাম ৪

# কৃষি বিশ্ববিদ্যালয়ে আসনসংখ্যা বৃদ্ধি

## ভর্তি পরীক্ষা ১৫ই মে

বিশ্ববিদ্যালয় সংবাদদাতা।

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ১৮ই ফেব্রুয়ারি।– ১৯৯৭–৯৮ শিক্ষাবর্ষে ৬টি অনুষদে প্রথম পর্ব স্নাতক শ্রেণীতে ভর্তির আসন সংখ্যা বৃদ্ধি পেয়ে ৬শ' ৪৫টি হচ্ছে। ভর্তি পরীক্ষার ফরম বিক্রি শুরু হচ্ছে ১৫ই মার্চ থেকে। ভর্তি ক্ষেত্রে মুক্তিযোদ্ধাদের সন্তানদের কোটা বাড়িয়ে ৭টির স্থলে ১৩টি করা হয়েছে। বৃহত্তর পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের উপজাতীয় এবং অ-উপজাতীয় পরীক্ষার্থীদের জন্য ৩টি আসন, বৃহত্তর পার্বত্য অঞ্চল ব্যতীত অন্যান্য উপজাতীয় প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকছে ২টি আসন।

অনুষদওয়ারী আসনসংখ্যা বেড়েছে ভেটেরিনারি অনুষদ ২০টি, কৃষি প্রকৌশলী ও কারিগরী অনুষদে ১৫টি, পশুপালন অনুষদে ১০টি, মাৎস্যবিজ্ঞান অনুষদে ২০টি। ভর্তি ফরমের দাম বৃদ্ধির সিদ্ধান্ত নিয়েছেন বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। গত ১৯৯৬–৯৭ শিক্ষাবর্ষের তুলনায় ফরমের দাম বৃদ্ধি করা হয়েছে ৫০ টাকা। পূবালী ব্যাংকের কৃষি বিশ্ববিদ্যালয় চত্বর শাখা এবং মতিঝিলের সেনাকল্যাণ ভবনস্থ শাখা থেকে ভর্তি ফরম পাওয়া যাবে ২৮শে মার্চ পর্যন্ত। ভর্তির জন্য আবেদনপত্র ৪ঠা এপ্রিল বিকাল ৫টার মধ্যে পূরণ করে সরাসরি অথবা ডাকযোগে 'আহ্বায়ক, ভর্তি পরীক্ষা কমিটি ও ডীন, কৃষি অনুষদ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় বরাবর পৌঁছাতে হবে। ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে ১৫ই মে সকাল ১০টায়।

প্রাথমিক বাছাইয়ের ক্ষেত্রে এসএসসি ও এইচএসসি বা সমমানের পরীক্ষায় প্রাপ্ত মোট নম্বরের ভিত্তিতে মেধাক্রম অনুসারে ৬৪৫০ জনকে নির্বাচিত করা হয়।